

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬. ০২০. ০০৪. ০১.০০.১০৩.২০১৭ ৮৬৬

তারিখ: ০৮-০৪-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ রীট পিটিশন নং- ৪৫৯৪/২০১৭ মালায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়ের সংক্রান্ত।

সূত্র : সিটি কর্পোরেশন-২ শাখার ইউ,ও, নোট নং- ৪৬.০০.০০০.০৭১.০১৯.১৫.২০৫ তাং-০৪-০৪-২০১৭ খ্রিঃ।

রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোসাদ্দেক হোসেন এর বিরুদ্ধে মহানগর বিশেষ ট্রাইব্যুনাল-১, রাজশাহী এ দায়েরকৃত মামলা নং-১৩৬/২০১৫(রাজশাহী জেলার বোয়ালিয়া থানার মামলা নং-১৭, তারিখ-০৮/০২/২০১৫ এম জি আর-১০৩/ বোয়ালিয়া মডেল থানা) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৪৫৯৪/২০১৭ দায়ের করেন। মাননীয় আদালত উক্ত মামলার আদেশে বরখাস্ত আদেশ স্থগিত করেছেন।

০২। এমতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেন এর সাময়িক বরখাস্তদেশ স্থগিত করে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশের বিরুদ্ধে লিভ-টু-আপীল দায়েরসহ রীট মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য সরকারী আইনজীবীর পাশাপাশি এ বিভাগের প্যানেল আইনজীবী হিসাবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

  
(মোহাম্মদ শফিউল আরিফ)  
উপসচিব  
☎ ৯৫৪০৯৯৫  
Email: arif6550@Yahoo.com

জনাব এডঃ মোঃ আশরাফুল আলম  
বেসরকারি প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০২। উপসচিব (সিটি কর্পোরেশন-২) শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। অফিস কপি।